

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৮২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮৩. তাশাহ্ছদ পড়ার পর নাবী (ﷺ) \_ এর উপর দরুদ পাঠ

باب الصَّلَاةِ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم بَعْدَ التَّشَهُّدِ

### আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حِبَّانُ بْنُ يَسَارٍ الْكِلَابِيُّ، حَدَّثَنِي أَبُو مُطَرِّف عُبَيْدُ اللهِ بْنِ كُرِيزٍ حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عَلِي الْهَاشِمِيُّ، عَنِ الْمُجْمِرِ، عَنْ أَلِيهِ بْنُ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللهِ بْنِ كَرِيزٍ حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عَلِيّ الْهَاشِمِيُّ، عَنِ الْمُجْمِرِ، عَنْ أَبِي هُرَيْرَة، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ سَرَّهُ أَنْ يَكْتَالَ بِالْمِكْيَالِ الأَوْفَى إِنَا صَلِّي هُرَيْرَة، عَنِ النَّبِيِّ صَلَي الله عليه وسلم قَالَ " مَنْ سَرَّهُ أَنْ يَكْتَالَ بِالْمِكْيَالِ الأَوْفَى إِنَا صَلَيْ عَلَى مُحَمَّدٍ النَّبِيِّ وَأَزْوَاجِهِ أُمَّهَاتِ اللهُ عَلَى مُحَمَّدٍ النَّبِيِّ وَأَزْوَاجِهِ أُمَّهَاتِ الْمُؤْمِنِينَ وَذُرِيَّتِهِ وَأَهْلِ بَيْتِهِ كَمَا صَلَيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ "

\_ ضعیف

#### বাংলা

৯৮২। আবৃ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কেউ যদি আমাদের আহলি বাইতের উপর দর্মদ পড়ার পুরো সওয়াব পেতে চায় সে যেন এভাবে বলেঃ ''আল্লাহুম্মা সল্লি 'আলা মুহাম্মাদিনিন নাবিয়্যি ওয়া আয্ওয়াজিহি উম্মাহাতিল মু'মিনীনা ওয়া যুররিয়াতিহি ওয়া আহলি বাইতিহি কামা সল্লাইতা 'আলা ইবরাহীমা ইন্নাকা হামীদুম মাজীদ''। (অর্থঃ হে আল্লাহ! আপনি নবী মুহাম্মাদ, তাঁর স্ত্রী উম্মাহাতিল মু'মিনীন, তাঁর সন্তানাদি ও আহলি বাইতের উপর রহমত বর্ষণ করুন যেমনি রহমত বর্ষণ করেছেন ইবরাহীমের উপর। নিশ্চয়ই আপনি প্রশংসিত ও মহান।''[1]

দুর্বল।

## **English**

Abu Hurairah reported the Prophet (ﷺ) as sayings: if anyone would like to have the fullest measure granted to him when he



invokes blessings on us, the members of the prophet's family, he should say: O Allah, bless Muhammad, the unlettered Prophet, his wives who are the mother of the faithful, his off springs, and the people of his house as Thou didst bless the family of Abraham. Thou art indeed praiseworthy and glorious.

## ফুটনোট

[1] বায়হাকী 'সুনান' (২/১৫১), বুখারী 'আত-তারীখ' (৩/৮৭), সুয়ূতী একে আদ-দুররে মানসূর (৫/২১৬) গ্রন্থে এবং তাবরীয়ী একে মিশকাত (হাঃ ৯৩২) গ্রন্থে তুলে ধরেছেন। এর সনদে হিব্বান ইবনু ইয়াসার আল-কিলাবী রয়েছে। তার সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি শক্তিশালী নন। ইবনু 'আদী বলেনঃ হাদীসুহু ফীহি মা ফীহি। হাফিয 'আত-তাক্করীব' গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী, তবে সংমিশ্রন করতেন। আর আত-তাহয়ীব গ্রন্থে বলেনঃ আরাহু ইখতালাফা ফীহি 'আলাইহি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন